



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।

Web: www.rangpur.polytech.gov.bd/; E-mail: rpi_16058@yahoo.com

স্মারক নং-৫৭.০৩.৮৫০০.৩০৩.৯৯.০১.২৫- ২৫২৬

তারিখঃ ০৭/০৯/২০২৫খ্রিঃ।

ভর্তি বিজ্ঞপ্তি

রংপুর পলিটেকনিক ইনস্টিটিউটে ২০২৫-২৬ শিক্ষাবর্ষে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং এর বিভিন্ন টেকনোলজিতে ভর্তির সুযোগপ্রাপ্ত ছাত্র-ছাত্রীদেরকে আগামী ১৪/০৯/২০২৫ হতে ১৫/০৯/২০২৫খ্রিঃ তারিখের মধ্যে স্ব-শরীরে প্রতিষ্ঠানে এসে ভর্তি কার্যক্রমের ছকে বর্ণিত সময়সূচী মোতাবেক প্রয়োজনীয় সকল কাগজপত্র ও ফি জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার জন্য নির্দেশ প্রদান করা হলো। বোর্ড নির্ধারিত তারিখের মধ্যে স্ব-শরীরে প্রতিষ্ঠানে এসে ভর্তি না হলে ভর্তি বাতিল বলে গণ্য হবে।

ভর্তি কার্যক্রমের ছক

শিফট	টেকনোলজি	তারিখ	উপস্থিতির সময়	ভর্তি ফরম সংগ্রহ ও পূরণ
১ম শিফট	সকল টেকনোলজি	১৪/০৯/২০২৫খ্রিঃ ১৫/০৯/২০২৫খ্রিঃ	সকাল ০৯.০০	বুথ - ০১ ও ০২
২য় শিফট	সকল টেকনোলজি	১৪/০৯/২০২৫খ্রিঃ ১৫/০৯/২০২৫খ্রিঃ	দুপুর ০২.০০	বুথ - ০১ ও ০২

ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র ও ফি:

- ১। ভর্তি ফরম (ভর্তির সময় স্ব স্ব বিভাগ থেকে দেওয়া হবে) ২। এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র। ৩। এসএসসি/সমমান পরীক্ষার নম্বরপত্র ও প্রশংসাপত্রের ২টি করে সত্যায়িত ফটোকপি। ৪। ০৩ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি (ভর্তি ফরমের নির্দিষ্ট স্থানে পিনআপ করতে হবে) ৫। বিশেষ কোটায় ভর্তি হলে কোটার প্রমাণপত্রের ২টি সত্যায়িত ফটোকপি (কোটার মূল সনদ দেখাতে হবে) ৬। শিক্ষার্থীর ডিজিটাল জন্ম-নিবন্ধন/জাতীয় পরিচয়পত্রের ফটোকপি- ১টি ৭। শিক্ষার্থীর বাবা মায়ের জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ৮। আবেদন নিশ্চিত করার কপি। ৯। বোর্ড নির্ধারিত ভর্তি ফি।

ভর্তি কার্যক্রম

- ১। প্রতিষ্ঠানে এসে ছাত্র-ছাত্রী নোটিশ বোর্ডে দেওয়া ক্লাস রোল/সিরিয়াল নম্বর দেখে নিয়ে ভর্তি ফরম সংগ্রহ বুথে যাবে।
- ২। নির্ধারিত বুথ হতে ভর্তি ফরম ও রসিদ বই সংগ্রহ করে যত্নসহকারে পূরণ করবে।
- ৩। নির্ধারিত বুথে সকল কাগজপত্র যাচাই-বাচাই করে ক্লাস রোল/সিরিয়াল নম্বর ও আবেদনপত্র সঠিকভাবে পূরণ হয়েছে মর্মে নিশ্চিত হয়ে ক্রম অনুযায়ী সকল কাগজপত্র পিনআপ করে শিক্ষার্থীদের টাকা জমা দেওয়ার জন্য নির্দিষ্ট বুথে পাঠাবেন।
- ৪। টাকা জমা দেওয়ার পর সকল কাগজপত্র নির্দিষ্ট বুথে/টেবিলে জমা দিয়ে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে।

*** ক্লাস শুরু আগামী ১৫/০৯/২০২৫ খ্রি. তারিখ হতে এবং ভর্তি সংক্রান্ত যাবতীয় তথ্য (Web:www.rangpur.polytech.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে।

বি.দ্র. শিক্ষার্থীকে মূল কাগজপত্র জমা দেওয়ার পূর্বে ফটোকপি নিজের কাছে রাখার জন্য বলা হলো। পরবর্তীতে প্রয়োজন হলে আর পাওয়া যাবেনা।

আবু হামেদ মোঃ জাকারিয়া শাহীদ

অধ্যক্ষ (অতিরিক্ত দায়িত্ব)

বিসিএস (কারিগরি শিক্ষা)

রংপুর পলিটেকনিক ইনস্টিটিউট, রংপুর।